দৈনিক বাংলা

তারিখ 28 AUG 1993 পৃঃ ১ কলাম ২

# বিদেশী ডিগ্রী নিয়ে দেশে ফিরে অনেকে চাকরি পাচ্ছে না

সুনীল ব্যানার্জি : বিদেশ থেকে উচ্চ ডিগ্রী নিয়ে দেশে ফিরে অনেকে চাকরি পাচ্ছে না। এরকম হাজার হাজার বিদেশী ডিগ্রীধারী বেকার যুবক চাকরির অন্বেষণে ঘুরছে বছরের পর বছর ধরে।

ভুক্তভোগীদের কাছ থেকে জানা গেছে রাশিয়া, ভারত, পাকিস্তান, থাইল্যান্ড, চীন, সাইপ্রাস মিসরসহ বিভিন্ন দেশ থেকে ডিগ্রী নিয়ে দেশে এসে অনেকেই চাকরি পাচ্ছে না। এদের মধ্যে ইঞ্জিনিয়ার, ডাক্তার ও বিভিন্ন বিভাগের মাষ্টার ডিগ্রীধারীও রয়েছেন। কোন কোন সরকারী–বেসরকারী সংস্থায় বিদেশের কোন কোন ডিগ্রীর তেমন গুরুত্ব দেয়া হচ্ছে না। বিশেষ করে রাশিয়া থেকে পাস করা ডাক্তারদের চাকরি দেয়ার ব্যাপারে কোন কোন বিভাগ বা প্রতিষ্ঠান বিরূপ মনোভাব প্রকাশ করে থাকেন। তারা এর সপক্ষে এই মর্মে অভিমত প্রকাশ করেন যে, রাশিয়ান ভাষায় পড়া ডাক্তারী দেশে প্রযোজ্য নয়। সেখানকার অনেক ওষুধের নামের সঙ্গে আমাদের ওষুধের কোন মিল নেই। সর্বোপরি সেখানকার চিকিৎসা পদ্ধতির বেশ কিছু আমাদের সঙ্গে মেলে না। চীন থেকে পাস করা ডাক্তারদের বেলায়ও অনুরূপ অভিযোগ করা হয়।

অন্যান্য আরো বেশ কয়েকটি দেশের ডিগ্রী নিয়েও কোন কোন বিভাগ বা প্রতিষ্ঠান নানা প্রশ্নের অবতারণা করে থাকে। অথচ বাংলাদেশের সঙ্গে চীন ও রাশিয়াসহ বেশ কয়েকটি দেশের এই মর্মে চুক্তি রয়েছে যে, ঐসব দেশের ডিগ্রী বাংলাদেশের সম মর্যাদা দেয়া হবে। এর কোন ব্যত্যয় হবে না। শিক্ষা ও সংস্কৃতি মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। এই চুক্তি থাকা সত্ত্বেও কোন কোন মহল বা প্রতিষ্ঠান উদ্দেশ্য প্রণোদিতভাবে এ ধরনের প্রচারণা চালাচ্ছে বলে জানা গেছে।

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, বাংলাদেশে মোট বেকারের সংখ্যা প্রায় পৌনে দুই কোটি। এর প্রায় অর্ধেক যুবক শিক্ষিত। এই শিক্ষিত যুবকদের একটা অংশ বিদেশী ডিগ্রীধারী। তবে এর সংখ্যা কত তার কোন হিসাব মন্ত্রণালয়ে নেই।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, বিদেশ থেকে যারা ডিগ্রী নিয়ে বাংলাদেশ আসেন তাদের সম্পর্কে কোন পরিসংখ্যান মন্ত্রণালয়ে নেই। তবে প্রতি বছরই শত শত লোক বিদেশ থেকে ডিগ্রী নিয়ে ফিরছে। এদের অনেকেরই দেশে চাকরি হচ্ছে। বিশেষ করে যারা অসাধারণ রেজাল্টের অধিকারী তাদের অধিকাংশের চাকরির ব্যবস্থা হয়। অন্যান্যদের দেশের বেকার সমস্যার গড্ডালিকা প্রবাহে হারিয়ে যাওয়া স্বাভাবিক। এই বিদেশী ডিগ্রীধারী বেকারের সংখ্যা কয়েক হাজার হবে একথা বিনা দ্বিধায় বলা যায়।

( ৫-এর পৃঃ দ্রঃ )

## বিদেশী ডিগ্রী নিয়ে দেশে ফিরে

(প্রথম পৃঃ পর)

শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত কর্মকর্তা স্বীকার করেন মন্ত্রণালয়ের সঙ্গে বিভিন্ন দেশের যে চুক্তি রয়েছে তাতে বিদেশী ডিগ্রী অবমূল্যায়ন করার কোন কারণ নেই। তিনি জানান, কোন কোন ব্যক্তি বা সংস্থার প্রধানের হীন মন্যতার কারণে কোন কোন দেশের ডিগ্রী সম্পর্কে খারাপ মন্তব্য করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত কর্মকর্তা আরো জানান, কমনওয়েলথ দেশভুক্ত দেশসমূহের ডিগ্রী সম্পর্কে আমাদের দেশে তেমন কারো প্রশ্ন নেই। অন্যান্য কয়েকটি দেশ সম্পর্কে যে প্রশ্ন উঠছে এটা কিভাবে বন্ধ করা যায় সে সম্পর্কে মন্ত্রণালয় চিন্তাভাবনা করছে।